# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

INSURANCE DEVELOPMENT AND REGULATORY AUTHORITY
IDRA
BANGLADESH

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
উন্নয়ন শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd

মুজিব শতবর্ষ
মুজিব বর্ষের প্রতিশ্রুতি
বীমা খাতের অগ্রগতি

স্মারক নং-৫৩.০৩.০০০০.০০৯.১৮.০০৯.২১. ১৬০ তারিখঃ ১৯ জুলাই ২০২১

**বিষয়ঃ করোনা ভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত বিধি নিষেধের মধ্যে বীমা সেবা প্রদান ।**

সূত্র: (১) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এর স্মারক নং- ৫৩.০০.০০০০.৪৪১.৯৯.০১২.২০.২৯২, তারিখ: ১৮ জুলাই ২০২১;
(২) মন্ত্রিপরিষদ বিভাগ এর স্মারক নং- ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২৩৩, তারিখ: ১৪ জুলাই ২০২১;
(৩) মন্ত্রিপরিষদ বিভাগ এর স্মারক নং- ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮, তারিখ: ১৩ জুলাই ২০২১;

উপর্যুক্ত বিষয় ও সূত্রোল্লিখিত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস এর সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত বিধি নিষেধের মধ্যে দেশের আমদানি-রফতানির স্বার্থে ব্যাংকিং কার্যক্রমের পাশাপাশি বীমা সেবা প্রদান সংক্রান্ত কার্যক্রম অব্যাহত থাকবে। ব্যাংকিং কার্যক্রমের সাথে সামঞ্জস্য রেখে দেশের আমদানি-রফতানির কার্যক্রম নির্বিঘ্ন রাখা, লাইফ বীমাকারীর মেয়াদপূর্তি ও মৃত্যু দাবি যথাসময়ে পরিশোধ, বীমাকৃত সম্পদ দূর্ঘটনায় পতিত হলে তার দাবী পরিশোধ ত্বরান্বিত করার জন্য তাৎক্ষণিকভাবে সার্ভে কার্যক্রম পরিচালনা এবং স্বাস্থ্য বীমা সেবা প্রদানের লক্ষ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কার্যালয়, বাংলাদেশের বীমা খাত উন্নয়ন প্রকল্পের কার্যালয়সহ বীমাকারীর প্রধান কার্যালয় ও কতিপয় গুরুত্বপূর্ণ শাখা অফিস এবং সার্ভে প্রতিষ্ঠান নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে খোলা রাখা যাবে:

(ক) সীমিত সংখ্যক জনবল নিয়ে কঠোরভাবে স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করে ২৫ জুলাই ২০২১ হতে ০৫ আগস্ট ২০২১ পর্যন্ত (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ণ ৩:০০ ঘটিকা পর্যন্ত খোলা থাকবে;
(খ) বীমাকৃত সম্পদ দূর্ঘটনায় পতিত হলে দ্রুত বীমা দাবী নিষ্পত্তির জন্য তাৎক্ষণিকভাবে সার্ভের প্রয়োজন হলে সীমিত সংখ্যক জনবল এবং কঠোর স্বাস্থ্যবিধি অনুসরণ করে সার্ভে কার্যক্রম পরিচালনা করা যাবে;
(গ) স্ব-স্ব বীমাকারী/সার্ভে প্রতিষ্ঠান তাদের কর্মকর্তা-কর্মচারীগণকে নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় স্বাস্থ্যবিধি মেনে আনা-নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
(ঘ) সকলক্ষেত্রে বীমাকারী/সার্ভে প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীগণকে প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয় পত্র আবশ্যিকভাবে বহন করতে হবে;
(ঙ) বীমা সেবা অব্যাহত রাখতে দাপ্তরিক কাজসমূহে ভার্চুয়াল পদ্ধতি অবলম্বন অগ্রাধিকার দিতে হবে।

এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগ এর স্মারক নং- ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১. ২১.২২৮, তারিখ: ১৩ জুলাই ২০২১ এর মাধ্যমে আরোপিত বিধি-নিষেধ যথাযথভাবে পরিপালন করতে হবে।

০২। মন্ত্রিপরিষদ বিভাগ এর স্মারক নং- ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮, তারিখ: ১৩ জুলাই ২০২১ এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এর স্মারক নং- ৫৩.০০.০০০০.৪৪১.৯৯.০১২.২০.২৯২, তারিখ: ১৮ জুলাই ২০২১ এর নির্দেশনা মোতাবেক এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক - ৪ ফর্দ।

১৯/০৭/২০২১
মোঃ শাহ্ আলম
পরিচালক (প্রশাসন)

**বিতরণ (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রকল্প পরিচালক, বাংলাদেশের বীমা খাত উন্নয়ন প্রকল্প (BISDP);
২. নির্বাহী পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৩. পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৪. ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন/সাধারণ বীমা কর্পোরেশন;
৫. মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল বীমা কোম্পানি;
৬. প্রধান জরিপকারী, সার্ভে প্রতিষ্ঠান (সকল);
৭. কর্মকর্তা (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

**অনুলিপি (সদয় অবগতির জন্য, জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ডিএমপি হেড কোয়ার্টার্স, ৩৬ মিন্টু রোড, ঢাকা;
২. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন;
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সভাপতি, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম;
৫. প্রেসিডেন্ট, বাংলাদেশ সার্ভেয়ার্স এসোসিয়েশন;
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৭. সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৮. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২৩৩

তারিখ: ৩০ আষাঢ় ১৪২৮ / ১৪ জুলাই ২০২১

বিষয়: বীমা/আর্থিক প্রতিষ্ঠানের সেবা নিশ্চিত করতে নির্দেশনা প্রদান।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮ তারিখ: ১৩.০৭.২০২১

উপরোক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের আলোকে করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপের প্রেক্ষিতে ২৩ জুলাই ২০২১ তারিখ হতে ০৫ আগস্ট ২০২১ তারিখ পর্যন্ত বীমা/আর্থিক প্রতিষ্ঠানের সেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা জারির জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

| অতিরিক্ত সচিব (বীমা, নীতি ও আর্থিক প্রণোদনা) মহোদয়ের দপ্তর | |
|---|---|
| ডায়েরী নম্বর: ৭৩৪ | তারিখ: ১৮/৭/২১ |
| যুগ্ম সচিব (EoDB/SDG) | |
| যুগ্ম সচিব (নীতি ও আর্থিক প্রণোদনা) | |
| উপ সচিব (বীমা/অভিযোগ) | |
| ব্যক্তিগত কর্মকর্তা | |
| | স্বাক্ষর: |

১৪.০৭.২০২১
(মোঃ রেজাউল ইসলাম)
উপসচিব
ফোন: ২২৩৩৮১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ
৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮

তারিখ: ২৯ আষাঢ় ১৪২৮ / ১৩ জুলাই ২০২১

**বিষয়: করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ।**

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২০৩ তারিখ: ৩০.০৬.২০২১
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২১৩ তারিখ: ০৫.০৭.২০২১

পবিত্র ঈদুল আযহা উদ্‌যাপন, জনসাধারণের যাতায়াত, ঈদ পূর্ববর্তী ব্যবসা-বাণিজ্য পরিচালনা, দেশের আর্থ-সামাজিক অবস্থা এবং অর্থনৈতিক কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে আগামী ১৪ জুলাই ২০২১ তারিখ মধ্যরাত থেকে ২৩ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা পর্যন্ত সূত্রস্থ স্মারকদ্বয়ে আরোপিত সকল বিধি-নিষেধ শিথিল করা হলো। তবে, এ সময়ে সর্বাবস্থায় জনসাধারণকে সতর্কাবস্থায় থাকা এবং মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণ করতে হবে।

০২। করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের পরিস্থিতি বিবেচনায় নিম্নোক্ত শর্তাবলি সংযুক্ত করে **২৩ জুলাই ২০২১ তারিখ সকাল ০৬.০০ ঘটিকা হতে ০৫ আগস্ট ২০২১ তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত** নিম্নোক্ত বিধি-নিষেধ আরোপ করা হলো:

২.১ সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিসসমূহ বন্ধ থাকবে;

২.২ সড়ক, রেল ও নৌ-পথে গণপরিবহন (অভ্যন্তরীণ বিমানসহ) ও সকল প্রকার যানবাহন চলাচল বন্ধ থাকবে;

২.৩ শপিংমল/মার্কেটসহ সকল দোকানপাট বন্ধ থাকবে;

২.৪ সকল পর্যটন কেন্দ্র, রিসোর্ট, কমিউনিটি সেন্টার ও বিনোদন কেন্দ্র বন্ধ থাকবে;

২.৫ সকল প্রকার শিল্প-কলকারখানা বন্ধ থাকবে;

২.৬ জনসমাবেশ হয় এ ধরনের সামাজিক [বিবাহোত্তর অনুষ্ঠান (ওয়ালিমা), জন্মদিন, পিকনিক, পার্টি ইত্যাদি]; রাজনৈতিক ও ধর্মীয় আচার-অনুষ্ঠান বন্ধ থাকবে;

২.৭ বাংলাদেশ সুপ্রীম কোর্ট আদালতসমূহের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

২.৮ ব্যাংকিং/বীমা/আর্থিক প্রতিষ্ঠানের সেবা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

২.৯ সরকারি কর্মচারীগণ নিজ নিজ কর্মস্থলে অবস্থান করবেন এবং দাপ্তরিক কাজসমূহ ভার্চুয়ালি (ই-নথি, ই-টেন্ডারিং, ই-মেইল, SMS, WhatsApp-সহ অন্যান্য মাধ্যম) সম্পন্ন করবেন;

২.১০ আইনশৃঙ্খলা এবং জরুরি পরিসেবা, যেমন-কৃষি পণ্য ও উপকরণ (সার, বীজ, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি), খাদ্যশস্য ও খাদ্যদ্রব্য পরিবহণ/বিক্রয়, ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, কোভিড-১৯ টিকা প্রদান, জাতীয় পরিচয় পত্র (এন আই ডি) প্রদান কার্যক্রম, রাজস্ব আদায় সম্পর্কিত কার্যাবলি, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, টেলিফোন ও ইন্টারনেট (সরকারি-বেসরকারি), গণমাধ্যম (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া), বেসরকারি নিরাপত্তা ব্যবস্থা, ডাক সেবা, ব্যাংক, ভিসা সংক্রান্ত কার্যক্রম, সিটি কর্পোরেশন/পৌরসভা (পরিস্কার-পরিচ্ছন্নতা, সড়কের বাতি ব্যবস্থাপনা ইত্যাদি কার্যক্রম), সামাজিক নিরাপত্তা কর্মসূচি, ফার্মেসি ও ফার্মাসিউটিক্যালসসহ অন্যান্য জরুরি/অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহের কর্মচারী ও যানবাহন প্রাতিষ্ঠানিক পরিচয়পত্র প্রদর্শন সাপেক্ষে যাতায়াত করতে পারবে;

২.১১ বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় খোলা রাখার বিষয়ে অর্থ বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে;

২.১২ জরুরি পণ্য পরিবহনে নিয়োজিত ট্রাক/লরি/কাভার্ড ভ্যান/নৌযান/পণ্যবাহী রেল/ফেরি এ নিষেধাজ্ঞার আওতাবহির্ভূত থাকবে;

২.১৩ বন্দরসমূহ (বিমান, সমুদ্র, নৌ ও স্থল) এবং তৎসংশ্লিষ্ট অফিসসমূহ এ নিষেধাজ্ঞার আওতাবহির্ভূত থাকবে;

২.১৪ কাঁচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৯:০০টা থেকে বিকাল ৩:০০টা পর্যন্ত স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে। সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠন/বাজার কর্তৃপক্ষ/স্থানীয় প্রশাসন বিষয়টি নিশ্চিত করবে;

২.১৫ অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না। নির্দেশনা অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

২.১৬ টিকা কার্ড প্রদর্শন সাপেক্ষে টিকা গ্রহণের জন্য যাতায়াত করা যাবে;

২.১৭ খাবারের দোকান, হোটেল-রেস্তোরাঁ সকাল ০৮.০০টা থেকে রাত ০৮.০০টা পর্যন্ত খাবার বিক্রয় (Online/Takeaway) করতে পারবে;

২.১৮ আন্তর্জাতিক ফ্লাইট চালু থাকবে এবং বিদেশগামী যাত্রীগণ তাদের আন্তর্জাতিক ভ্রমণের টিকেট/প্রমাণক প্রদর্শন করে গাড়ি ব্যবহারপূর্বক যাতায়াত করতে পারবেন;

২.১৯ স্বাস্থ্যবিধি অনুসরণ করে মসজিদে নামাজের বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নির্দেশনা প্রদান করবে;

২.২০ 'আর্মি ইন এইড টু সিভিল পাওয়ার' বিধানের আওতায় মাঠ পর্যায়ে কার্যকর টহল নিশ্চিত করার জন্য সশস্ত্র বাহিনী বিভাগ প্রয়োজনীয় সংখ্যক সেনা মোতায়েন করবে। জেলা ম্যাজিস্ট্রেট স্থানীয় সেনা কমান্ডারের সাথে যোগাযোগ করে বিষয়টি নিশ্চিত করবেন;

৮০

২.২১ জেলা ম্যাজিস্ট্রেট জেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সমন্বয় সভা করে সেনাবাহিনী, বিজিবি/কোস্টগার্ড, পুলিশ, র‍্যাব ও আনসার নিয়োগ ও টহলের অধিক্ষেত্র, পদ্ধতি ও সময় নির্ধারণ করবেন। সে সঙ্গে স্থানীয়ভাবে বিশেষ কোনো কার্যক্রমের প্রয়োজন হলে সে বিষয়ে পদক্ষেপ নিবেন। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ এ বিষয়ে মাঠ পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে;

২.২২ জনপ্রশাসন মন্ত্রণালয় মাঠ পর্যায়ে প্রয়োজনীয় সংখ্যক নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে; এবং

২.২৩ সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮-এর আওতায় স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক ব্যবস্থা নিতে জেলা প্রশাসন ও পুলিশ বাহিনীকে আইনানুগ কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করবেন।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬.০৭.২০২১

(মোঃ রেজাউল ইসলাম)
উপসচিব
ফোন: ২২৩৩৮১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

**১। সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ**
**২। বিভাগীয় কমিশনার (সকল)**

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/ কোস্টগার্ড/ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী /ফায়ার, সার্ভিস ও সিভিল ডিফেন্স।
৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর— নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ।
৬। জেলা প্রশাসক (সকল)।
৭। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বীমা শাখা
www.fid.gov.bd

URGENT

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.৪৪১.৯৯.০১২.২০.২৯২

তারিখ: ৩ শ্রাবণ ১৪২৮
১৮ জুলাই ২০২১

বিষয়: **বীমা/আর্থিক প্রতিষ্ঠানের সেবা নিশ্চিত করতে নির্দেশনা প্রদান।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২৩৩; ১৪ জুলাই ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের (সংযুক্তি-১) প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপের লক্ষ্যে ২৩ জুলাই ২০২১ হতে ০৫ আগস্ট ২০২১ তারিখ পর্যন্ত বীমা/আর্থিক প্রতিষ্ঠানের সেবা নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা জারির জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে।

১৮-৭-২০২১
মোঃ জাহিদ হোসেন
উপসচিব
ফোন: ৯৫৮৪৯৬৬
ফ্যাক্স: ৯৫১৩৫০০

চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.৪৪১.৯৯.০১২.২০.২৯২/১(৬)

তারিখ: ৩ শ্রাবণ ১৪২৮
১৮ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
৩) অতিরিক্ত সচিব, বীমা, পরিবীক্ষন ও মূল্যায়ন অনুবিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
৪) যুগ্মসচিব, বীমা, পরিবীক্ষন ও মূল্যায়ন অনুবিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
৫) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

১৮-৭-২০২১
মোঃ জাহিদ হোসেন
উপসচিব